

মেহেরপুর পৌরসভা কার্যালয়, মেহেরপুর।

৫নং ওয়ার্ড সমন্বয় কমিটির (WC) সভা

সভাপতি : জনাব জাফর ইকবাল কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান : কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন, কাশ্যবপাড়া ০৫নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।
সভার তারিখ : বিকাল ৩.০০ ঘটিকা ০৭/০৩/২০২২খ্রিঃ।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হয় নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসংগে।
- ২। রাস্তা ও ড্রেন নির্মাণ প্রসংগে।
- ৩। চক্রপাড়া বৃষ্টির পানি বাহির করন প্রসংগে।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব
০২	রাস্তা ও ড্রেন নির্মাণ প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন ৫নং ওয়ার্ডের নিম্নোক্ত রাস্তা ও ড্রেন না থাকায় দীর্ঘদিন যাবৎ যানবাহন সহ স্বাভাবিক চলাচলে বিঘ্ন ঘটছে। রাস্তাগুলি জনস্বার্থে জরুরীভাবে করা প্রয়োজন, এবং বিশেষভাবে বর্ষার সময় জলাবদ্ধতার সৃষ্টি হয় ও বাড়ির ব্যবহৃত পানি নিষ্কাশনের কোন ব্যবস্থা না থাকায় এলাকাবাসী চরম দুর্ভোগের সৃষ্টি হয়। অত্র এলাকায় নিম্নোক্ত রাস্তাগুলি কোন প্রকল্পের উন্নয়নমূলক কাজ করা হয়নি। সে প্রেক্ষিতে আগত বর্ষা মৌসুমের পূর্বেই রাস্তা ও ড্রেন গুলি নির্মাণ করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করে। প্রকল্পের নামঃ রাস্তাঃ (১) বেড়পাড়া কাথুলী রোড় হানিফের	ওয়ার্ডের পরিষ্কার পরিচ্ছন্নতা, সড়ক বাতি, পানি ও স্যানিটেশন সমস্যা সমাধানের ব্যাপারে TLCCর সভায় সুপারিশ করা হয়।	সচিব

		বাড়ির নিকট বিসি রাস্তা। ওয়ার্ড কমিটির সকল সদস্যগণ উপরেউল্লেখিত রাস্তা ও ড্রেনগুলি দ্রুততার সহিত নির্মানের জন্য অনুরোধ জানান।		
০৩	চক্রপাড়া বৃষ্টির পানি বাহির করন প্রসংগে।	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য সচিব, মেহেরপুর পৌরসভা। তিনি বলেন আপনার এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার দায়িত্ব আপনার। পৌরবাসীর উন্নয়ন ও সেবার মান নিশ্চিত করতে আপনারা যদি নিয়মিত পৌর কর পরিশোধ না করেন তবে পৌরসভা পরিচালনা করা কষ্টকর হবে। সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম বলেন ৫নং হঠাৎ পাড়ায় বৃষ্টির পানি বন্ধ হয়ে উক্ত এলাকায় পরিবেশ দূষণ সহ অতিরিক্ত মশার উপদ্রপ শুরু হয়েছে এছাড়া উক্ত রাস্তা দিয়ে ভারী ট্রাক চলাচল করায় উক্ত রাস্তা ভেঙ্গে যাওয়ার সম্ভবনা রয়েছে সেহেতু উক্ত রাস্তায় ভারী ট্রাক চলাচল বন্ধ করার জন্য সুপারিশ করেন ওয়ার্ডের চক্রপাড়া এলাকায় ড্রেন না থাকায় অল্প পানি হলেই পানি জমে যায় আর এতে মশা জন্মায়। সদস্য নুরুল ইসলাম বলেন ৫নং ওয়ার্ডে ব্যানাগাড়ী রাস্তা চক্র পাড়া মোড় হতে দিঘীর পাড়া পর্যন্ত রাস্তার দ্রুত করনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করন। হয়েছে। তিনি আরও বলেন পরিবেশ ও স্বাস্থ্য সম্পর্কে মানুষের আগের চেয়ে অনেক বেশী সচেতনতা বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন ৫নং ওয়ার্ডের রাস্তা ও ড্রেনের অবস্থা খুবই নাজুক থাকায় জনগনের চলাচল করতে অসুবিধা হয়। দ্রুত ড্রেন ও রাস্তা করার জন্য পৌর কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করেন।	শহর সমন্বয় কমিটি এবং পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমস্যা সমূহ সমাধানের সুপারিশ করা হয়।	সচিব
০৪	বিবিধ	আলোচনায় সচিব মেহেরপুর পৌরসভার নিরাপদ অভিবাসন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন বিদেশ যাওয়ার আগে ভালো করে জেনে বুঝে সঠিক নিয়ম অনুসরণ করে বৈধ পথে বিদেশ গমনের ব্যাপারে সকলকে সচেতন হতে হবে।		

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ত করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৭.০৩.২০২২

(মোছাঃ শিউলী আক্তার)
কাউন্সিলর ও সহ-সভাপতি
৪,৫,৬নং ওয়ার্ড কমিটি
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর

পরিশিষ্ট-ক

সভার তারিখ : ০৭/০৩/২০২২, সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা

সভার স্থান : কাউন্সিলর

সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর ও সহসভাপতি।	শিউলী
২	জনাব মোঃ ইউসুফ	বেড়পাড়া, সদস্য।	ইউসুফ
৩	জনাব মোছাঃ লতিফুন্নেছা	সাবেক কাউন্সিলর, সদস্য।	লতিফুন্নেছা
৪	জনাব মোঃ বসির	দিঘিরপাড়া, সদস্য।	মোঃ বসির
৫	জনাব মোছাঃ পিনজিরা খাতুন	দিঘিরপাড়া, সদস্য।	পিনজিরা
৬	জনাব মোছাঃ আফরোজা খাতুন	দিঘিরপাড়া, মেহেরপুর।	
৭	জনাব মোঃ নূরুল ইসলাম	ওয়াপদা সড়ক, সদস্য।	
৮	জনাব মোঃ সবুজ আলী	দিঘিরপাড়া, সদস্য।	সবুজ
৯	জনাব মোঃ শহিদুল ইসলাম	নক্সাকারক, সদস্য সচিব।	শহিদুল ইসলাম